**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৫

তারিখ: ২৪ পৌষ ১৪৩২
০৮ জানুয়ারি ২০২৬

**পরিপত্র-১৪**

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে নির্বাচনি সামগ্রী যাচাইকরণ, ব্যালট পেপার, বিভিন্ন ধরনের সিলের (অফিসিয়াল সিল ও ব্রাস সিল) নিরাপত্তা কোড নম্বর সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা, ভোটকেন্দ্রে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণ ও গ্রহণ ইত্যাদি।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে, ইতোপূর্বে ভোটকেন্দ্রে ব্যবহৃতব্য নির্বাচনি সামগ্রী, ফরম, প্যাকেট, নির্দেশিকা, পরিচয়পত্র, এবং প্রচার সামগ্রী বিতরণের সময়সূচি ও পরিকল্পনা সম্পর্কে অবহিত করা হয়েছে।

**২। নির্বাচনি সামগ্রীর যাচাইকরণ:** ভোটকেন্দ্রভিত্তিক বিতরণকৃত নির্বাচনি দ্রব্যাদি পৌঁছানোর পর ইতোপূর্বে জারিকৃত পরিপত্র-১৩ এর সাথে সংযোজিত নির্বাচনি সামগ্রীর বিতরণ তালিকা অনুসারে প্রেরিত ফরম, প্যাকেট, খাম ইত্যাদি চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা সঠিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। যদি কোন সামগ্রী কম-বেশী থাকে তাহলে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৩। ব্যালট পেপারের গোপনীয়তা রক্ষা:** বিজি প্রেস/গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস/সিকিউরিটি প্রিন্টিং প্রেস হতে সরবরাহকৃত ব্যালট পেপার রিটার্নিং অফিসারের কার্যালয়ে পৌঁছানোর পর পুনরায় ফরম-৫ অনুযায়ী প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম, প্রতীক মিলিয়ে দেখে ব্যালট পেপার এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করবেন। সকল পর্যায়ে যাতে ব্যালট পেপারের গোপনীয়তা রক্ষিত হয়, তা নিশ্চিত করতে হবে।

**৪। অফিসিয়াল সিল ও ব্রাস সিলের নিরাপত্তা কোড নম্বর সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা:** ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি যেমন- অমোচনীয় কালি, স্ট্যাম্প প্যাড, গালা ও তিন রকমের সিল (অফিসিয়াল সিল, মার্কিং সিল ও ব্রাস সিল) রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করা হবে। প্রেরিত তিনটি সিলের মধ্যে অফিসিয়াল সিল এবং ব্রাস সিলে নিরাপত্তামূলক নম্বর (কোড মার্ক) রয়েছে। সকল পর্যায়ে অফিসিয়াল সিল ও ব্রাশ সিল এর গোপনীয়তা রক্ষা করতে হবে। এছাড়া এই দুইটি সিল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের সময় কোন্ ভোটকেন্দ্রে কোন কোড নম্বরের সিল সরবরাহ করবেন তা সহকারী রিটার্নিং অফিসারগণ বিতরণ রেজিস্টারে কেন্দ্রভিত্তিক লিখে রাখবেন এবং প্রত্যেক সিলের ছাপও রেজিস্টারে সংরক্ষণ করবেন। প্রিজাইডিং অফিসারগণও ভোটকেন্দ্রের কোন কক্ষে কোন কোড নম্বরের অফিসিয়াল সিল ব্যবহার করবেন তা একটি সাদা কাগজে কক্ষ নম্বর, সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও তার পাশে সিলের ছাপ নিয়ে যে কোন একটি খামে করে হেসিয়ান বড় ব্যাগে (বড় বস্তা) সংরক্ষণ করবেন।

**৫। হেসিয়ান ব্যাগের (বড় বস্তা ও ছোট ব্যাগ) মাধ্যমে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণ ও গ্রহণ:** ভোটকেন্দ্রে নির্বাচনি মালামাল বহনের নিমিত্ত জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের জন্য আলাদা দুইটি হেসিয়ান বড় ব্যাগ (চটের বড় বস্তা) এবং অফিসিয়াল সিল, মার্কিং সিল ও মনিহারী দ্রব্যাদি বহনের জন্য হেসিয়ান ছোট ব্যাগ (চটের ছোট বস্তা) প্রদান করা হবে। ভোটগ্রহণ শেষে অফিসিয়াল সিল, মার্কিং সিল ও মনিহারী দ্রব্যাদি যথাযথভাবে হেসিয়ান ছোট ব্যাগে আবদ্ধ করে সিলগালা করতে হবে এবং জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে ব্যবহৃত অন্যান্য নির্বাচনি দ্রব্যাদি (ব্যালট পেপার, ফরম, প্যাকেট) নির্ধারিত খামে ভরে স্ব স্ব হেসিয়ান বড় ব্যাগে সংরক্ষণ করে ব্রাশ সিল দ্বারা সিলগালা করতে হবে।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

সিলগালাকৃত হেসিয়ান ছোট ব্যাগটি জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত হেসিয়ান বড় ব্যাগের সঙ্গে দৃঢ়ভাবে বেঁধে দেওয়ার জন্য প্রিজাইডিং অফিসার নির্দেশনা প্রদান করবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহরায় যত দ্রুত সম্ভব রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট নির্বাচনি মালামাল হস্তান্তরের উদ্দেশ্যে রওনা হওয়ার জন্য প্রিজাইডিং অফিসারকে নির্দেশনা প্রদান করতে হবে এবং মালামাল প্রেরণের পূর্বে প্রতিটি সিলমোহরকৃত হেসিয়ান ব্যাগের উপর সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের নম্বর ও নাম উল্লেখপূর্বক লিখিত কাগজ দৃশ্যমানভাবে সংযুক্ত করতে হবে।

০৮.০১.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৫

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. ................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .............................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

০৮.০১.২০২৬

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

G:\1_Parlament Elecion\1_প্রথম হতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনি তথ্যাদি\01_Poripotro word File_2025\পরিপত্র-১৪_ok.doc